তারিখ 11 JUN 2003
পৃষ্ঠা ২০ কলাম ৪

দৈনিক
ইত্তেফাক

# বোর্ডের বইঃ ৬ মাসেও প্রেস মালিকরা বিল পায়নি

ইত্তেফাক রিপোর্ট ॥ চলতি বছর মোটামুটি নির্ধারিত সময়ের মধ্যে শিশু-কিশোরদের হাতে নতুন ক্লাসের বই পৌঁছে গেলেও ৬ মাসের ব্যবধানেও ১৫৮ জন প্রেস মালিক বই ছাপার বিল পাননি। এ ব্যাপারে সৃষ্ট জটিলতা নিরসনের লক্ষ্যে একটি তদন্ত কমিটি গঠন করা হয়। নির্ধারিত দু'মাসের মধ্যেও কমিটির রিপোর্ট পাওয়া যায়নি। ফলে প্রেস (১৯শ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## বোর্ডের বই

(শেষ পৃঃ পর)

মালিকরা কবে তাদের বিল পাবেন এই নিয়ে দেখা দিয়েছে অনিশ্চয়তা। উল্লেখ্য, প্রেস মালিকদের পাওনা বিলের পরিমাণ প্রায় ৭ কোটি টাকা।